

## “পরিষ্কার-পরিচ্ছন্নতা সপ্তাহ-২০২২”



অফিস : এলজিইডি, জেলা: নরসিংদী।

শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী স্ব স্ব কার্যালয়ের কর্ম পরিবেশ উন্নয়নের লক্ষ্যে মাননীয় প্রধান প্রকৌশলী জনাব শেখ মোহাম্মদ মহসিন মহোদয় কর্তৃক ১৭-০৭-২০২২ হতে ২৩-০৭-২০২২ খ্রি: পর্যন্ত পরিষ্কার-পরিচ্ছন্নতা সপ্তাহ পালন করার জন্য নির্দেশনা প্রদান করেন। উক্ত নির্দেশনার আলোকে পরিষ্কার-পরিচ্ছন্নতা সপ্তাহ পালনের নিমিত্তে ১৮-০৭-২০২২ খ্রি: তারিখে এলজিইডি ভবন, নরসিংদী এর কামরুল ইসলাম সিদ্দিক মিলনায়তনে কর্মকর্তা ও কর্মচারীগণের সমন্বয়ে এক উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন নরসিংদী জেলার নির্বাহী প্রকৌশলী জনাব খন্দকার আসাদুজ্জামান। উক্ত সভায় আরো উপস্থিত ছিলেন অত্র দপ্তরের সিনিয়র সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী (পুর), সহকারী প্রকৌশলী (ই-জিপি) সহ অন্যান্য সকল কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দ। পরিষ্কার-পরিচ্ছন্নতা সপ্তাহ পালনের কার্যক্রম হিসেবে অফিস যথাযথভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখাসহ একেজো/অব্যবহৃত কম্পিউটার, আসবাবপত্রসহ পুরাতন কাগজ/নথিপত্র সচিবালয় নির্দেশমালা ২০১৪ এবং সর্বশেষ জারিকৃত সরকারি পরিপত্র/নীতিমালা ও আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক শ্রেণীবিন্যাস করত: বিনষ্টযোগ্য মালামাল/নথি ধ্বংস অথবা বিনষ্ট করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।